বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
E-mail:dgmbcbd@krishibank.org.bd

**বিষয়ঃ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর'২০২২) এর অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ ইসমাইল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক |
| তারিখ ও সময় | ঃ | ০৭ নভেম্বর ২০২২, রোজ সোমবার, দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, পর্ষদ সভাকক্ষ হতে ভার্চুয়ালি। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' অনুযায়ী। |
| ভার্চুয়ালি সংযুক্ত | ঃ | ফরিদপুর বিভাগের মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক |

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদ এবং যুদ্ধাহতসহ মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সবাইকে সালাম এবং শুভেচ্ছা জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভায় অংশগ্রহণকারী স্টেকহোল্ডারগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সঙ্গে কুশলাদি বিনিময় করেন ও ব্যাংকের বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত আলোচনা করেন। ব্যাংকের সেবার মান সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের প্রশ্নের জবাবে স্টেকহোল্ডারগণ বলেন সেবার মান উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে শাখা পর্যায়ে ঋণ গ্রহণ করতে ঋণ গ্রহীতাদের কোনো দীর্ঘসূত্রিতার সম্মুখীন হতে হয় না। খুব দ্রুততা ও স্বচ্ছতার সাথে ঋণ পেয়ে ঋণগ্রহীতাগণ সন্তুষ্টি প্রকাশ করছে এবং কর্মকর্তাগণ অত্যন্ত সহযোগিতামূলক আচরণ করছেন মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করেন।

০৩। সভায় উপস্থিত মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ জানান, তাদের আওতাধীন অঞ্চলের কিছু কিছু শাখায় মানি কাউন্টিং মেশিন নেই, ফলে আমানতকারী গ্রাহকদের সেবা প্রদানের ক্ষেত্রে কিছুটা কালক্ষেপণ হয়। সভার সভাপতি মহোদয় বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে মানি কাউন্টিং মেশিনসহ অন্যান্য প্রয়োজনীয় ইলেকট্রনিক ডিভাইস যেমন কম্পিউটার সামগ্রী দ্রুততার সাথে শাখায় সরবরাহের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

০৪। সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে অবগত করেন যে, সেবার মানোন্নয়নের মাধ্যমে নতুন নতুন গ্রাহককে ব্যাংকমুখী করতে হবে। সবাইকে সতর্ক থাকতে হবে কোনো গ্রাহক কাঙ্খিত সেবার জন্য ব্যাংকে এসে যেন ফিরে না যায়। প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের সহায়তা এবং সেবা প্রদান সংক্রান্ত তথ্য প্রদানের জন্য অবশ্যই HELP DESK কার্যকর রাখতে হবে। সরকারী নির্দেশনা মোতাবেক দেশের আর্থিক উন্নয়নের জন্য নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করতে হবে।

০৫। সভায় উপস্থিত উপব্যবস্থাপনা পরিচালক জনাব চানু গোপাল ঘোষ মহোদয় বলেন যে, কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট আর্থিক সংকটের উন্নয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক যে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে সে সকল ঋণ প্রদানের ক্ষেত্রে অবশ্যই সঠিকভাবে মঞ্জুরী এবং রিপোর্টিং করতে হবে। মনে রাখতে হবে, আমাদের ভুল রিপোর্টিং এর কারণে ঋণগ্রহীতা এবং ব্যাংক যেন কোনো ভাবেই আর্থিক ক্ষতির সম্মুখীন না হয়।

চলমান পাতা-০২

০৬। জনাব মোঃ জয়নাল আবেদীন, মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ মহোদয় বলেন সকল কর্মকর্তা/কর্মচারীকে সতর্ক থেকে দায়িত্ব পালন করতে হবে। সরকার কর্তৃক গৃহিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচী সফল বাস্তবায়ন করতে হবে। সময়মত ঋণ পরিশোধ না করলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে ঋণগ্রহিতাদের সচেতন করতে হবে। তিনি আরও বলেন, দেশের কোন শাখায় সেবা প্রদানে কোন অনিয়ম কিংবা কেউ হয়রানীর শিকার হলে ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হবে, তাই এ ধরণের অভিযোগ পাওয়া গেলে দায়ী কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সতর্ক করেন।

০৭। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখ করেন, গ্রামীণ অর্থনীতির উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা রাখার ব্যাপক সুযোগ রয়েছে। তাই গ্রামীণ পর্যায়ে নারী উদ্যোক্তাদের ব্যাংকিং সেবা প্রদানে সকলকে তৎপর থেকে কাজ করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, বাংলাদেশ কৃষি ব্যাংক মান সম্মত সেবা প্রদানে অঙ্গীকারাবদ্ধ। বিভাগীয় এবং আঞ্চলিক পর্যায় হতে সভায় অংশগ্রহণ করায় তিনি সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। তিনি বলেন, আমরা প্রজাতন্ত্রের সেবক, উন্নত গ্রাহক সেবা প্রদান, হয়রানি মুক্ত ঋণ বিতরনের ব্যাপারে আমাদের জিরো টলারেন্স। সবশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-১(১২৮)/সিঃচার্টার/২০২২-২০২৩/৫৪৪ তারিখঃ ১০ নভেম্বর ২০২২খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ফরিদপুর।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ফরিদপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ফরিদপুর।
০৮। নথি/মহানথি।

১০/১১/22
(কে.এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক